



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৬ষ্ঠ ইনডোর গেমস প্রতিযোগিতা ২০২৪ এর উদ্বোধন



২০ মে ২০২৪-সোমবার ভাষা শহিদ রফিক ভবন চত্বরে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্রীড়া উপকমিটি (দাবা, ক্যারাম, টেবিল টেনিস, ব্যাডমিন্টন, টেনিস ও স্কোয়াশ) এর আয়োজনে শরীরচর্চা শিক্ষা কেন্দ্রের ব্যবস্থাপনায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ৬ষ্ঠ ইনডোর গেমস প্রতিযোগিতা ২০২৪ (ছাত্র-ছাত্রী) এর উদ্বোধন করেন উপাচার্য সাদেকা হালিম, পিএইচডি।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, “বিশ্ববিদ্যালয় শুধু পাঠদান আর গবেষণার জন্যই নয় সবাইকে খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যক্রমে সংশ্লিষ্ট থাকতে হবে। খেলাধুলায় অংশগ্রহণের মাধ্যমে নিয়মানুবর্তিতা বৃদ্ধি পায় আর সংঘাত ও সহিংসতা থেকে দূরে থাকা যায়। খেলাধুলা ও সাংস্কৃতিতে যারা দক্ষ তারা বিশেষ মেধাসম্পন্ন। সামাজিক, সাংস্কৃতিক ও মানবিক বিশ্ববিদ্যালয় গড়ে তোলার জন্য আমাদের বিভিন্ন প্রতিযোগিতার ব্যবস্থা করতে হবে। ”



তিনি আরো বলেন, “খেলাধুলায় নারী পুরুষ বৈষম্য দূরীকরনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সবসময় সজাগ রয়েছেন। তাঁর নেতৃত্বে বর্তমান সরকার খেলোয়াড়দের জীবনযাত্রার মান বৃদ্ধি করতে সর্বদা সচেষ্ট রয়েছে।”

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্রীড়া উপকমিটি (দাবা, ক্যারাম, টেবিল টেনিস, ব্যাডমিন্টন, টেনিস ও স্কোয়াশ) এর আহবায়ক অধ্যাপক ড. মোহাম্মদ আরিফউল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী।

এছাড়াও সম্মানিত অতিথি হিসেবে ছিলেন কলা অনুষদের ডিন অধ্যাপক ড. হোসনে আরা বেগম, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক মোহাঃ আলপ্তগীন, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট অধ্যাপক ড. দীপিকা রাণী সরকার এবং প্রক্টর অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন।

স্বাগত বক্তব্য প্রদান করেন অধ্যাপক ড. প্রতিভা রানী কর্মকার এবং অনুষ্ঠানটি সঞ্চালনা করেন শরীরচর্চা শিক্ষা কেন্দ্রের উপ-পরিচালক গৌতম কুমার দাস।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।